প্রেমিকার সঙ্গে দেখা করতে ১,৯০০ কিমি পাড়ি, শেষে জানলেন তিনি এআই



ছবি: সংগৃহীত

সামাজিক যোগাযোগমাধ্যমে পরিচিত এক নারীর প্রেমে পড়ে নিজের সম্পদ বিক্রি করে প্রায় ১ হাজার ৯০০ কিলোমিটার পাড়ি দিয়েছিলেন ব্রাজিলের এক ব্যক্তি। গন্তব্যে পৌঁছে জানতে পারেন, তাঁর স্বপ্নের সেই নারী বাস্তবে নেই; তিনি কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) দিয়ে তৈরি একটি কাল্পনিক চরিত্র।

৪৯ বছর বয়সী রাজমিস্ত্রি এদিমার মার্তিন্স ব্রাজিলের মারানহাও রাজ্যের বাসিন্দা। ২০২০ সালে 'জেসিকা অলিভেইরা' বা 'জেসিকা ফাজেনদেইরা' নামের একটি সামাজিক যোগাযোগমাধ্যম অ্যাকাউন্টের সন্ধান পান তিনি। মায়ের মৃত্যুর পর একাকিত্বে ভোগা মার্তিন্স নতুন জীবন শুরুর আশায় গত ৯ অক্টোবর নিজের সম্বল বিক্রি করে বাসে বেলো হরিজোন্তে শহরে যান।

সেখানে গিয়ে ওই নারীর ছবি হাতে নিয়ে বিভিন্ন জায়গায় খোঁজ করেন। পরে স্থানীয় একটি রেডিও স্টেশনের সঙ্গে যোগাযোগ করে জানতে পারেন, জেসিকা বাস্তব কোনো ব্যক্তি নন। পেজের সম্পৃক্ততা বাড়াতে এআই দিয়ে চরিত্রটি তৈরি করা হয়েছে।

সর্বস্ব হারিয়ে বিপাকে পড়া মার্তিন্সকে স্থানীয় পৌর কর্তৃপক্ষ সহায়তা করে। তাঁকে খাবার, গোসলের ব্যবস্থা এবং বাড়ি ফেরার বাসের টিকিট দেওয়া হয়।

পরে অ্যাকাউন্টটির নির্মাতারা জেসিকা চরিত্রের মাধ্যমে একটি ভিডিও বার্তা প্রকাশ করে জানান, পেজের এনগেজমেন্ট বাড়াতেই এআই চরিত্রটি তৈরি করা হয়েছিল। মার্তিন্সের সঙ্গে তাঁদের কোনো ব্যক্তিগত কথোপকথনও হয়নি।

এনডিটিভির প্রতিবেদন অনুযায়ী, দ্য সান জানিয়েছে, গত ছয় মাসে মার্তিন্সসহ অন্তত তিনজন ওই কাল্পনিক এআই নারীকে বাস্তব ভেবে একই শহরে গিয়ে প্রতারিত হয়েছেন।